

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : SEC-B-1

(ব্যবহারিক বাংলা ও সাহিত্য গবেষণার পদ্ধতিবিজ্ঞান)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'কোভিড'-পরবর্তী মানসিক ও শারীরিক স্বাস্থ্যবিধি কী হওয়া উচিত, সে বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো। ১০

অথবা,

- (খ) তোমার এলাকায় 'ইয়াস' বিশ্বস্ত মানুষের ক্ষয়ক্ষতির পরিমাণ জানিয়ে ত্রাণবন্টন ও বাসস্থান পুনর্নির্মাণের আবেদন জানিয়ে জেলাশাসককে একটি চিঠি লেখো। ১০

- ২। (ক) দূরদর্শনে প্রচারিত অথবা সংবাদপত্রে প্রকাশিত 'ফেয়ারনেস' ক্রিমের বিরোধিতা বিষয়ক একটি বিজ্ঞাপন রচনা করো। ১০

অথবা,

- (খ) বাংলায় অনুবাদ করো। ১০

Rabindranath Tagore (1861-1941) was a Bengali poet, novelist, musician, playwright, painter who reshaped Bengali literature and music. He was an educationist as well. He was awarded the Nobel Prize for Literature in 1913. Tagore was the first non-European writer to receive this prize. He was awarded the Knighthood by the British monarchy in 1915, but he renounced the Knighthood in 1919, in protest against the barbaric cruelty of the British government on unarmed and innocent Indians in Jallianwalla Bagh. He also wrote a number of patriotic songs which inspired the nationalist Indians during the freedom struggle. In many of his essays, he inspired his readers to rediscover the inherent strength of the traditional Indian knowledge, which he believed would be useful in the struggle against the British.

- ৩। (ক) গবেষণার রীতি ও নির্মাণ পদ্ধতি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো। ১০

অথবা,

- (খ) নির্ঘণ্ট কী? নির্ঘণ্টের বিন্যাস কত রকমের হয়? সেগুলির পরিচয় দাও। ২+৩+৫

Please Turn Over

৪। যে-কোনো ছয়টি বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।

৫×৬

- (ক) সম্পাদকীয় প্রতিবেদন
- (খ) Yellow Journalism
- (গ) প্রাতিষ্ঠানিক পত্র
- (ঘ) চিঠির গুরুত্ব
- (ঙ) বাণিজ্যিক বিজ্ঞাপন
- (চ) দৃশ্য-শ্রাব্য বিজ্ঞাপন
- (ছ) কপিরাইট আইন
- (জ) গ্রন্থপঞ্জী ও পাদটীকার পার্থক্য।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

- (ক) প্রতিবেদন কাকে বলে?
- (খ) সংবাদ কাকে বলে?
- (গ) কলেজের অধ্যক্ষকে চিঠি লিখলে সম্বোধন কেমন হবে লেখো।
- (ঘ) উৎকৃষ্ট বিজ্ঞাপনের মানদণ্ড কী হওয়া উচিত?
- (ঙ) ভাবানুবাদ কাকে বলে?
- (চ) একজন শ্রেষ্ঠ অনুবাদকের একটি বিশেষত্বের উল্লেখ করো।
- (ছ) বিদ্যাসাগর অনুদিত একটি গ্রন্থের নাম বলো।
- (জ) ফর্মা কী?
- (ঝ) ক্যাচওয়ার্ড কী?
- (ঞ) 'কলোফন' বা 'পুষ্পিকা' কী?
- (ট) তথ্যসংগ্রহের দুই ধরনের উৎসের নাম করো।
- (ঠ) তথ্য লিপিবদ্ধকরণের দুটি পদ্ধতি কী?
- (ড) পাদটীকা কী?
- (ঢ) প্রাস্তটীকা কী?
- (ণ) শব্দকোষ কী?
- (ত) মুখবন্ধ বা প্রিফেস কী?
- (থ) বিজ্ঞাপন ও প্রচারের মধ্যে পার্থক্য কোথায়?
- (দ) সংবাদপত্রে লেখা চিঠির ভাষা কেমন হবে?
- (ধ) বিশেষ প্রতিবেদক কাকে বলা হয়?
- (ন) পরিশিষ্ট বা অ্যাপেনডিক্স কী?

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাধারণ

পত্র : SEC-B-2

(ব্যবহারিক বাংলা-২)

পূর্ণমান - ৮০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। 'বিশ্বমারিতে মধ্যবিন্তের সংকট' — এই বিষয় অবলম্বন করে একটি গল্প রচনা করো (৩০০ শব্দের মধ্যে)। ১০

অথবা,

'অনলাইন শিক্ষা' বিষয়ক ৩০০ শব্দের একটি প্রবন্ধ রচনা করো। ১০

২। বানান সংস্কারের প্রয়োজন হয় কেন? বিষয়টি বাংলা ভাষার প্রেক্ষাপটে উদাহরণসহ আলোচনা করো। ১০

অথবা,

পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি বানানবিধি-র 'লিপি-বিষয়ে' অন্তত তিনটি সিদ্ধান্ত নিয়ে আলোচনা করো। ১০

৩। নীচের অংশটি আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালায় (আইপিএ) লিপ্যন্তর করো। ১০

গুপি যদিও একটা বই গান জানত না, কিন্তু সেই একটা গান সে খুব করেই গাইত। সেটা না গেয়ে সে তিলেকও থাকতে পারত না, তার দম আটকে আসত। যখন সে ঘরে বসে গাইত, তখন তার বাবার দোকানের খদ্দের সব ছুটে পালাত। যখন সে মাঠে গিয়ে গান গাইত, তখন মাঠের যত গোরু সব দড়ি ছিঁড়ে ভাগত। শেষে আর তার ভয়ে তার বাবার দোকানে খদ্দেরই আসে না, রাখালেরাও মাঠে গোরু নিয়ে যেতে পারে না। তখন একদিন কানু কাইন তাকে এই বড় বাঁশ নিয়ে তাড়া করতে সে ছুটে মাঠে চ'লে গেল। সেখানে রাখালের দল লাঠি নিয়ে আসতে বনের ভিতর গিয়ে খুব ক'রে গলা ভাঁজতে লাগল।

অথবা,

নীচের অংশটির রোমীয় বর্ণান্তর করো। ১০

গুপীদের গ্রামের কাছেই আরেকটা গ্রামে একজন লোক থাকত, তার নাম ছিল পাঁচু পাইন। পাঁচুর ছেলেটির বড্ড ঢোলক বাজাবার শখ ছিল। বাজাতে বাজাতে সে বিষম ঢুলতে থাকত, আর পা নাড়ত আর চোখ পাকাত, আর দাঁত খিঁচোত, আর ভ্রুকুটি করত। তার গ্রামের লোকেরা তা দেখে হাঁ করে থাকত আর বলত, 'আহা! আ-আ-আ!! অ-অ-অ-হ-হ-হ!!!' শেষে যখন 'হাঃ, হাঃ, হা-হা!!' বলে বাঘের মত খেঁকিয়ে উঠত, তখন সকলে পালাবার ফাঁক না পেয়ে চিৎপাত হয়ে পড়ে যেত। তাই থেকে সকলে তাকে বলত 'বাঘা বাইন।' তার এই বাঘা নামই রটে গিয়েছিল। আসল নাম যে তার কি, তা কেউ জানত না।

Please Turn Over

৪। যে-কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও।

৫×৬

- (ক) গল্পের নামকরণ করার সময় কোন কোন বিষয় মনে রাখতে হয় আলোচনা করো।
- (খ) প্রবন্ধ-র উপসংহার কীভাবে লিখতে হয় আলোচনা করো।
- (গ) 'কী' আর 'কি' কখন ব্যবহার করা হয় উদাহরণসহ লেখো।
- (ঘ) ':' আর 'ঃ'-এর মধ্যে তফাত কী লেখো।
- (ঙ) আইপিএ লিপ্যন্তরের সময় শ, ষ ও স তিনটি ক্ষেত্রেই ']' লেখা হয় কেন?
- (চ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি 'স্বচ্ছ যুক্তব্যঞ্জন'-এর লেখ্যরূপ সম্বন্ধে কী সুপারিশ করেছে?
- (ছ) পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি-র মতে বিদেশি শব্দে 'হ্রস্ব স্বর', 'ণ/ন' ও 'শ/স' বিষয়ে কী কী প্রস্তাব করা হয়েছে?
- (জ) 'যতিচিহ্ন বিষয়ে' পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি-র পরামর্শ কী? — লেখো।

৫। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×২০

- (ক) 'আকাঙ্ক্ষা' শব্দের ধ্বনিবিশ্লেষণ করো।
- (খ) 'ষ্ঠ' ও 'ন্ঠ'-এর তফাত কী?
- (গ) 'অ' আইপিএ-তে কীভাবে লেখা হয়?
- (ঘ) ট্রাজেডি গল্পকে বাংলায় কী বলা হয়?
- (ঙ) আইপিএ-র (ইংরেজিতে) পুরো নাম কী?
- (চ) 'বিদ্যাসাগর' শব্দটি আইপিএ-তে লেখো।
- (ছ) '°' আইপিএ-তে কীভাবে লেখা হয়?
- (জ) রোমীয় বর্ণান্তরে 'S' কীসের প্রতিবর্ণ?
- (ঝ) 'ি / ঙ্গ' আইপিএ-তে কীভাবে লেখা হয়?
- (ঞ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি বিখ্যাত ছোটগল্পের নাম লেখো।
- (ট) 'প্রবন্ধ' শব্দটির অর্থ কী?
- (ঠ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়-এর একটি প্রবন্ধগ্রন্থের নাম লেখো।
- (ড) 'ঙ্গ' না 'ঙ্গ', কোন রূপটিকে পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি সুপারিশ করে?
- (ঢ) রোমীয় বর্ণান্তরে '~' দিয়ে কী বোঝায়?
- (ণ) 'ছ্' আইপিএ-তে কীভাবে লেখা হয়?
- (ত) 'মন্ত্রী' না 'মন্ত্রি' কোন বানানটি ঠিক?
- (থ) 'কার্তিক' না 'কার্তিক' কোন বানানটি গ্রহণ করা হয়েছে?
- (দ) 'বঙ্গ' না 'বংগ' কোন বানানটি গ্রহণীয়?
- (ধ) 'চলন্তিকা' অভিধানের সংকলক কে?
- (ন) একটি বাংলা বানান সংস্কারক প্রতিষ্ঠানের নাম লেখো।